



উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ইমেইলঃ prompa6@gmail.com
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd
ফেইসবুক পেইজঃ মোংলা বন্দর সংবাদ “Mongla Port News”



“সংবাদ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দরের উন্নয়ন প্রকল্প ও উন্নয়ন কাজ এগিয়ে চলেছে দ্রুত গতিতে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি যোগদানের পর ধারাবাহিকভাবে বন্দরের প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন শুরু করেন। তিনি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, ভিটিএমআইএস প্রকল্প, কন্টেইনার ইয়ার্ড নির্মাণ কাজ এবং মোংলা বন্দরের আওতাধীন মেইন সড়কের মেরামত কাজ সরেজমিনে পরিদর্শন করেন।

মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “মোংলা বন্দরের জন্য সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন প্রকল্প যা মোংলা বন্দরের নিজস্ব পানির চাহিদা, বৈদেশিক জাহাজ, মোংলা বন্দরে গড়ে উঠা বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানসহ মোংলা বন্দরের বিভিন্ন প্রতিষ্ঠানে সুপেয় পানি সরবরাহের মাধ্যমে বন্দর ব্যবহারকারীদের উত্তম সেবা প্রদান করে দেশের অর্থনৈতিক সমৃদ্ধিতে অবদান রাখবে।

ভিটিএমআইএস প্রকল্পটি বাস্তবায়িত হলে আইএমও রেগুলেশন অনুযায়ী সোলাস ও আইএসপিএস কোড অনুসৃত হবে, বন্দরে আগত দেশে বিদেশি জাহাজ নিরাপদ চলাচল ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত হবে, বন্দরে আগত জাহাজের যাবতীয় তথ্যাদি পূর্বাঙ্কে জানা সম্ভব হবে। ফলে নিরাপত্তা ঝুঁকি হ্রাস, বন্দরের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং বন্দর ব্যবহারকারীগণ মোংলা বন্দর ব্যবহারে আরও আগ্রহী হবে ও বন্দরে অধিক সংখ্যক জাহাজ হ্যান্ডলিং এর পাশাপাশি রাজস্ব আয়ও বৃদ্ধি পাবে।

এছাড়াও বন্দরের বর্তমানে কন্টেইনার ইয়ার্ড নং-৮ এর নির্মাণ কাজ ইতোমধ্যে ৯০% কাজ শেষ হয়েছে। চলতি বছরেই এ নির্মাণ কাজ শেষ হবে ও উক্ত ইয়ার্ডে ১০৫০টি কন্টেইনার রাখা যাবে এবং মোংলা বন্দরের আওতাধীন মেইন সড়কের মেরামত কাজে সন্তুষ্টি প্রকাশ করে দ্রুত টেকসইভাবে কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন”।